কালের কণ্ঠ

তারিখ 20 JUL 2016
পৃষ্ঠা ১৮ কলাম ৬

উসকানিমূলক প্রশ্নপত্র তৈরি

# মানিকগঞ্জের সেই শিক্ষক কারাগারে

মানিকগঞ্জ প্রতিনিধি ▷

উসকানিমূলক বক্তব্য ও নারীদের কটাক্ষ করে প্রশ্নপত্র তৈরির অভিযোগে আটক মানিকগঞ্জ সরকারি বালক উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক ইব্রাহিম দেওয়ানকে কারাগারে পাঠানো হয়েছে। গতকাল মঙ্গলবার ৫৪ ধারায় মামলা করে পুলিশ তাঁকে মানিকগঞ্জের জ্যেষ্ঠ বিচারিক হাকিমের আদালতে পাঠায়। আদালতের বিচারক ইয়াসমিন আরা জামিনের আবেদন নামঞ্জুর করে তাঁকে কারাগারে পাঠানোর নির্দেশ দেন।

পুলিশ জানায়, সপ্তম শ্রেণির অর্ধবার্ষিক পরীক্ষায় 'বাংলাদেশ ও বিশ্বপরিচয়' বিষয়ে প্রশ্নপত্র তৈরি করেন ইব্রাহিম দেওয়ান। গত সোমবার সকালে এ বিষয়ে পরীক্ষা হয়। সৃজনশীল পদ্ধতিতে তৈরি প্রশ্নপত্রটিতে রাষ্ট্রবিরোধী, উসকানিমূলক ও নারী সমাজের জন্য মানহানিকর বক্তব্য রয়েছে। এ অভিযোগে সোমবার বিকেলে তাঁকে আটক করা হয়।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আমিনুর রহমান বলেন, ওই শিক্ষকের বিরুদ্ধে রাষ্ট্রদ্রোহ মামলার প্রস্তুতি চলছে। এ ধরনের মামলা করতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অনুমতির প্রয়োজন। মন্ত্রণালয়ের অনুমতির জন্য লিখিত আবেদন করা হয়েছে।